

ঢাকা ওয়াসা

সংযুক্তিঃ ১। প্রস্তাবিত ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।

সংযুক্তিঃ ২। প্রস্তাবিত ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

সংযুক্তিঃ ৩। ক্ষতিগ্রস্ত স্থানের ছবি।

সংযুক্তিঃ ৪। প্রস্তাবিত প্রাক্কলন।

বিষয়ঃ Leakage repair in South Sampur Bazar under SKWP কাজটির প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

০১। সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৫ টি গভীর নলকূপ (বাকী ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। প্লানটির পানি উৎপাদন লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ কোটি লিটার। দৈনিক সকল গভীর নলকূপ হতে অপরিশোধিত পানি সংগ্রহ করে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর আওতায় পরিশোধন করে Over Ground Reservoir (OGR) হতে বুস্টারিং করে ১২০০ মি.মি. ব্যাসের পাইপ দিয়ে ভাকুর্তা, মোগড়াকান্দা, আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (জোন-৪, জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৫ (পনেরো) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়।

০২। আলোচ্য সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টের IRP#2 এর আওতাধীন দক্ষিণ শ্যামপুর এলাকার গভীর নলকূপ ২১৯ ও ২২০ পাম্প কম্পাউন্ডের মাঝের ইন্টারকানেকশনে লিকেজ দেখা দিয়েছে (সংযুক্তিঃ ০৩)। উক্ত স্থানে গভীর নলকূপ ২১৯, ২২০ ও ২২১ পাম্পের ইন্টারসেকশন বা টি রয়েছে। যা মেরামত করা জরুরী, অন্যথায় পানি লিকেজ হয়ে রাস্তা নষ্ট হয়ে যাবে এবং লিকেজ দিয়ে পানি বন্ধ রাখার জন্য উক্ত লাইনের মোট ০৩ টি পাম্প বন্ধ রাখা হয়েছে।

০৩। সেপ্রেক্ষিতে জরুরী ভিত্তিতে ক্ষতিগ্রস্ত পাইপ মেরামতের জন্য পূর্বানুমোদিত দর ও PWD রেট শিডিউলের আলোকে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাতে কাজের প্রাক্কলিত ব্যয় দাঁড়িয়েছে সর্বমোট টাঃ ৪৯,৬২৯.১৬৫/- (টাকা উনপঞ্চাশ হাজার ছয়শত উনত্রিশ দশমিক এক ছয় পাঁচ) মাত্র (সংযুক্তিঃ ০৪)। আলোচ্য কাজটি SKWP এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ০৭ এর 'পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত (সংযুক্তিঃ ০১) হতে এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১৭৬ এর বরাদ্দ থেকে নির্বাহ করা হবে (সংযুক্তিঃ ০২)।

০৪। এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ হত ৩.০ এর বর্ণনার প্রেক্ষিতে ঢাকা ওয়াসার "সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট"-এর IRP#2 এর আওতাধীন বিভিন্ন এলাকায় লোকাল পাইপ লাইন মেরামত কাজের জন্য Leakage repair in South Sampur Bazar under SKWP শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) কাজটি জরুরী ভিত্তিতে সম্পাদনের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর (৭৬) (১) ট ধারায় মেসার্স এফ বি এন্টারপ্রাইজ-এর সাথে সরাসরি চুক্তির মাধ্যমে (DPM) সম্পাদনের জন্য অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলিত সর্বমোট টাঃ ৪৯,৬২৯.১৬৫/- (টাকা উনপঞ্চাশ হাজার ছয়শত উনত্রিশ দশমিক এক ছয় পাঁচ) টাকা মাত্র টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) আলোচ্য কাজের ব্যয়ভার সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট-এর ২০২৫-২৬ ইং অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর 'পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

০২/০৭/২৫
১০২৫
মোঃ আবুল কালাম আজাদ
উপসহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট
ঢাকা ওয়াসা।

০৫/১০/২৫
মোঃ নাজিম ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।

০৭/১০/২৫
মিজা গোলাম কিবরিয়া
উপসহকারী প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

০৭/১০/২৫
প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।